পিআর পদ্ধতিসহ ৫ দফা দাবিতে মেহেরপুরে জামায়াতের মানববন্ধন

পিআর পদ্ধতিকে জুলাই জাতীয় সনদের অন্তর্ভুক্ত করে গণভোটের দাবিতে মেহেরপুরে মানববন্ধন করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখা।

আজ বুধবার (১৫ অক্টোবর) দুপুরে শহরের জেলা প্রেসক্লাবের সামনে এ কর্মসূচির আয়োজন করে জামায়াত জেলা শাখা।

এ মানববন্ধন কর্মসূচির প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আমির তাজউদ্দীন খান।

এছাড়া জেলা সেক্রেটারি ইকবাল হোসাইন, জেলা নায়েবে আমির মাহবুবুল আলম, জেলা রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন, শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, উপজেলা আমির সোহেল রানা, পৌর আমির সোহেল রানা ডলার প্রমুখ উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, জনগণের ভোটাধিকার ও গণতান্ত্রিক ব্যবস্থা সুসংহত করতে পিআর পদ্ধতির বিকল্প নেই। তারা দ্রুত সময়ের মধ্যে এই পদ্ধতিকে জুলাই জাতীয় সনদে অন্তর্ভুক্ত করে গণভোটের মাধ্যমে জনগণের মতামত নেওয়ার দাবি জানান।

এছাড়া তারা জাতীয় পার্টি নিষিদ্ধ ঘোষণা এবং আওয়ামী লীগ আমলের সব হত্যাকাণ্ডের দৃষ্টান্তমূলক বিচার দাবি করেন।

মানববন্ধনে ব্যানার-ফেস্টুন হাতে জেলা শাখার নেতাকর্মীরা অংশ নেন।

মেহেরপুরে বিশ্ব সাদা ছড়ি

নিরাপত্তা দিবস পালিত

“সাদা ছড়ির আধুনিকায়ন, দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তির উন্নয়ন” এই প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব সাদা ছড়ি নিরাপত্তা দিবস-২০২৫ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে বুধবার (১৫ অক্টোবর) সকাল ১০টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়, যা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আশাদুল ইসলাম।

সমাজসেবা অফিসার (রেজি.) কাজী মো. আবুল মুনসুরের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, সরকারি শিশু পরিবারের (বালক) উপ-তত্ত্বাবধায়ক মোহাম্মদ তৌফিকুর রহমান, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম. সিরাজুম মুনীর, প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তুলসী কুমার পাল, প্রবেশন অফিসার মো. মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার মো. আনিছুর রহমান, হাসপাতাল সমাজসেবা অফিসার মোছা. মেহজাবিন কামি, এবং শিশু প্রবেশন কার্যালয়ের সুরক্ষা সমাজকর্মী মোহাম্মদ মামুনুর রশিদ প্রমুখ।

বিশ্ব সাদা ছড়ি নিরাপত্তা দিবস উপলক্ষে বিভিন্ন কার্যক্রম ও সেবা প্রদান করা হবে। এর মধ্যে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে বিনামূল্যে সেবা প্রদান, ভ্রাম্যমান ওয়ান স্টপ থেরাপি সার্ভিস (মোবাইল ভ্যান এর মাধ্যমে), বিনামূল্যে সহায়ক উপকরণ বিতরণ, প্রতিবন্ধী বিদ্যালয় পরিচালনা, স্পেশাল স্কুল ফর চিলড্রেন উইথ অটিজম পরিচালনা, অটিজম রিসোর্স সেন্টার পরিচালনা, অটিজম ও এনডিডি কর্ণার সেবা, বেসরকারি সংগঠনের মধ্যে অনুদান প্রদান, প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আর্থিক অনুদান প্রদান এবং অটিজম সমস্যাগ্রস্থ সন্তানদের পিতা-মাতা/অভিভাবকদের প্রশিক্ষণ উল্লেখযোগ্য।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নিহত

মেহেরপুর সদর উপজেলার ফতেপুর উত্তরপাড়া মসজিদের সামনে ট্রাকের ধাক্কায় ফারহানা ওয়াহেদা অমি (২৬) নামে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের এক ছাত্রী নিহত হয়েছেন।

আজ বুধবার (১৫ অক্টোবর) সকাল সাড়ে ৯টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত ফারহানা ওয়াহেদা অমি মেহেরপুর শহরের কাসাড়িপাড়ার আব্দুল ওয়াহেদ চঞ্চলের মেয়ে এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে অমি বাবার বাড়ি শহরের কাসাড়িপাড়া থেকে মোটরসাইকেলে করে শ্বশুরবাড়ি রামদাসপুরে যাচ্ছিলেন। পথে ফতেপুর উত্তরপাড়া মসজিদের সামনে পৌঁছালে পেছন দিক থেকে আসা একটি ট্রাক (নম্বর: ঢাকা মেট্রো ট-১৮-৪১৭৫) মোটরসাইকেলকে ধাক্কা দিলে তিনি ছিটকে পড়ে ঘটনাস্থলেই নিহত হন।

দুর্ঘটনার পর স্থানীয়রা ঘাতক ট্রাকটি আটক করে পুলিশে খবর দেন। খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ ও ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজবাহ উদ্দিন জানান, নিহতের মরদেহ মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে এবং দুর্ঘটনা-সংশ্লিষ্ট ট্রাকটি জব্দ করা হয়েছে।

মেহেরপুরে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল মেহেরপুর পৌর শাখার ২ নম্বর ওয়ার্ডে এক কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৪টার দিকে মেহেরপুর পৌর এলাকার ২ নম্বর ওয়ার্ডে ২ নম্বর ওয়ার্ড বিএনপি’র আয়োজনে এ কর্মীসভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ২ নম্বর ওয়ার্ড বিএনপি’র সভাপতি শামসুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপ’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

২ নম্বর ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক ইমন বিশ্বাসের সঞ্চালনায় কর্মীসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা এবং সাবেক মহিলা বিষয়ক সম্পাদক নাজমুন নাহার রিনা।

এছাড়াও উপস্থিত ছিলেন, আমদহ ইউনিয়নের মহিলা বিষয়ক সম্পাদক রাকিবা খাতুন রাখী, মহিলা দলের নেত্রী নবীনা খাতুন, পলি খাতুনসহ স্থানীয় নারী নেতৃবৃন্দ।

কর্মীসভায় বক্তারা বলেন, দলের তৃণমূলকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করতে প্রত্যেক ওয়ার্ডে নারী কর্মীদের সম্পৃক্ততা বাড়াতে হবে। আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তারা।

গাংনীতে ট্রাকের চাকায় পৃষ্ট

হয়ে একজন নিহত

মেহেরপুরের গাংনী-কাথুলি সড়কে ট্রাকের চাকায় পৃষ্ট হয়ে মকলেছুর রহমান নামের এক জমি পরিমাপ আমিন নিহত হয়েছেন। নিহত মকলেছুর রহমান গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের আব্দুর রহমান কারিগরের ছেলে।

আজ মঙ্গলবার বেলা ২ টার সময় গাংনী-কাথুলি সড়কের এবাদতখানার সামনে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, নিহত মকলেছুর রহমান গাংনী থেকে মোটরসাইকেলযোগে সাহারবাটি ফিরছিলেন। এবাদতখানার কাছে পৌছানো মাত্র পেছন থেকে আসা একটি ট্রাক তাকে ধাক্কা মারে। এতে তিনি ট্রাকের নিচে পড়েন। এসময় ট্রাক তাকে টেনে হিঁচড়ে বেশ কিছু দুর নিয়ে আসে। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন। এদিকে ঘাতক ট্রাকের চালক পালিয়ে গেলেও ট্রাকটি জব্দ করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, নিহতের মরদেহ উদ্ধারের প্রক্রিয়া চলছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালে দুর্নীতি অবহেলার প্রতিবাদে জনতার মানববন্ধন

মেহেরপুর জেনারেল হাসপাতালে সীমাহীন চিকিৎসা অবহেলা, তত্ত্বাবধায়কের লাগামহীন দুর্নীতি এবং বেসরকারি ক্লিনিকের সঙ্গে যোগসাজশে টেস্ট বাণিজ্যের প্রতিবাদে এক বিশাল মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুরে মেহেরপুরের সর্বস্তরের জনতা ও সচেতন নাগরিকদের উদ্যোগে মেহেরপুর জেনারেল হাসপাতাল প্রাঙ্গণে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, সরকারি এই হাসপাতালে চিকিৎসা সেবার মান ভয়াবহভাবে নেমে গেছে। সঠিক চিকিৎসা না পেয়ে রোগী ও স্বজনরা প্রতিনিয়ত হয়রানির শিকার হচ্ছেন। অনেক সময় চিকিৎসকরা দায়িত্বে অনুপস্থিত থাকেন, আর উপস্থিত কিছু কর্মচারী রোগীদের সঙ্গে দুর্ব্যবহার করেন।

অভিযোগ করা হয়, হাসপাতালের তত্ত্বাবধায়ক ও কিছু অসাধু কর্মচারী ক্লিনিক ব্যবসায়ীদের সঙ্গে যোগসাজশে দালাল চক্র পরিচালনা করছেন। এই দালাল চক্র রোগীদের সরকারি টেস্ট না করিয়ে নির্দিষ্ট বেসরকারি ক্লিনিকে পাঠিয়ে মোটা অঙ্কের কমিশন নিচ্ছে। এতে সাধারণ রোগীরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন এবং সরকারি স্বাস্থ্যসেবা কার্যত অকার্যকর হয়ে পড়েছে।

মানববন্ধনে বক্তব্য রাখেন, ক্রীড়া সংগঠক এ এস লিটন, আহত জুলাই যোদ্ধা খন্দকার মুইজ উদ্দিন, মাদ্রাসা শিক্ষক আব্দুস সালাম, কলেজ ছাত্র মারুফ ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মিন্টু মোল্লা, জিয়া মঞ্চের সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, মল্লিকপাড়া যুব সংঘের সভাপতি মো. হাসনাত জামান সৈকত, এবং ন্যাশনাল সিটিজেন পার্টির (এনসিপি) জেলা কমিটির সদস্য শাওন শেখ প্রমুখ।

বক্তারা অবিলম্বে হাসপাতালের অনিয়ম–দুর্নীতির তদন্ত, তত্ত্বাবধায়কের অপসারণ, দালাল চক্রের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা ও হাসপাতালের সেবা মান উন্নয়নের দাবি জানান।

মানববন্ধনে উপস্থিত সাধারণ মানুষ বলেন, “সরকারি হাসপাতাল আমাদের একমাত্র আশ্রয়স্থল। এখানে দুর্নীতি আর দালালি চললে গরিব মানুষের চিকিৎসা পাওয়ার অধিকারটাই শেষ হয়ে যাবে।”

তারা দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান, যাতে মেহেরপুর জেনারেল হাসপাতাল সত্যিকারের রোগীবান্ধব ও দুর্নীতিমুক্ত প্রতিষ্ঠানে পরিণত হয়।

গাংনী প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তার বিরুদ্ধে ভ্যাকসিন বিক্রয়ের অভিযোগ

মেহেরপুর গাংনী উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. আলাউদ্দিনের বিরুদ্ধে সরকারি বরাদ্দকৃত লাম্পি স্কিন (এলএসডি) ভ্যাকসিন বিক্রয়ের অভিযোগ উঠেছে।

ডা. আলাউদ্দিন গাংনী উপজেলা প্রাণীসম্পদ ভেটেরিনারি হাসপাতালে যোগদানের পর থেকে গোপনে সরকারি বরাদ্দকৃত ঔষধ ও বিভিন্ন ভ্যাকসিন খামারিদের নিকট থেকে ৩ হাজার ৭০০ টাকা করে নিয়ে এই ভ্যাকসিন সরবরাহ করেছেন বলে অভিযোগ করেন ভুক্তভোগীরা।

গাংনী উপজেলা প্রাণীসম্পদ অধিদপ্তর ভেটেরিনারি হাসপাতাল সূত্রে জানা গেছে, গাংনী উপজেলার বিভিন্ন খামারে গরুর সংখ্যা ৫৮ হাজার ৩৬৫টি, খাসি ছাগলের সংখ্যা ১ লাখ ৩ হাজার ৮৬৯টি, ছোট ছাগলের সংখ্যা ১৪ হাজার ৭৭০টি, ভেড়ার সংখ্যা ২ হাজার ৯১৭টি এবং মহিষের সংখ্যা ৬৫২টি।

স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলা প্রাণীসম্পদ হাসপাতালে সরকারিভাবে লাম্পি স্কিন (এলএসডি) রোগে আক্রান্ত হয়ে হাজার হাজার গরুর মৃত্যু হচ্ছে।

ভাইরাসজনিত এই রোগে আক্রান্তের মধ্যে ছোট বাছুরের সংখ্যা সবচেয়ে বেশি। রোগটি দ্রুত ছড়িয়ে যাওয়ায় গরু-বাছুর নিয়ে দুশ্চিন্তায় দিন কাটাচ্ছেন খামারিসহ এলাকার হাজার হাজার কৃষক।

সরকারি বরাদ্দকৃত ভ্যাকসিন না পেয়ে অনেক খামারী অতিরিক্ত দামে বাইরে থেকে ভ্যাকসিন ক্রয় করে গরুকে দিচ্ছেন। আর এই সুযোগ কাজে লাগিয়ে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিচ্ছেন ডা. আলাউদ্দিন এমন অভিযোগ খামারিদের। অভিযোগ রয়েছে, তিনি বিভিন্ন ফার্মেসিতে বিশেষ সুবিধা নিয়ে গোপনে ওই ঔষধ সরবরাহ করে থাকেন।

প্রতিষেধক হিসেবে সরকারিভাবে প্রাণীসম্পদ হাসপাতালে (এলএসডি) ভ্যাকসিন বরাদ্দ দিলেও, বিভিন্ন অজুহাতে লাম্পি স্কিন ডিজিজের জন্য সরকারি কোনো ভ্যাকসিন নেই বলে খামারিদের বিদায় করছেন

প্রাণীসম্পদ অফিসের ওই কর্মকর্তা।

গাংনী উপজেলায় পৌরসভাসহ ৯টি ইউনিয়নের বিভিন্ন এলাকার খামারী ও কৃষকের ঘরে প্রায় ২ লাখ গরু-বাছুর রয়েছে। বর্তমানে সেখানে লাম্পি স্কিন রোগের প্রাদুর্ভাব দিন দিন বাড়ছে।

এর মধ্যে কাজিপুর ইউনিয়নের কাজিপুর, হাড়াভাঙ্গা, সাহারনগর, ষোলটাকা ইউনিয়নের কাষ্টদহ, জুগিরঘোফা, ষোলটাকা, মিনাপাড়া, সাহারবাটি ইউনিয়নের ধর্মচাকী, ভোমরদহ, হিজলবাড়ি, ধানখোলা ইউনিয়নের কসবা, যুগিন্দা, ভাটপাড়া গ্রাম এলাকায় রোগটির প্রাদুর্ভাব সবচেয়ে বেশি।

এদিকে স্থানীয় কয়েকজন কৃষক জানিয়েছেন, লাম্পি স্কিন রোগ (এলএসডি) ছড়িয়ে পড়ায় খামারিসহ এলাকার হাজারো কৃষক চিন্তিত হয়ে পড়েছেন। সরকারি হাসপাতালে ভ্যাকসিন না পেয়ে তাদের অনেকের মনে এখন ‘লাম্পি আতঙ্ক’ বিরাজ করছে। অনেক খামারী বাইরে থেকে ৩ হাজার ৭০০ টাকা দরে ক্রয় করছেন।

নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় কয়েকজন গরু খামারী জানান, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার যোগসাজশে প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা আলাউদ্দিন সরকারি ঔষধ গোপনে বিভিন্ন ফার্মেসির কাছে দিয়ে সরকারি ভ্যাকসিন ও ঔষধ বিক্রি করে আসছেন।

এছাড়াও সরকারি বেতনভুক্ত প্রাণীসম্পদ কর্মকর্তা চিকিৎসাপত্রে নামমাত্র কোম্পানির ঔষধ এবং ভিটামিন পণ্য লিখে খামারিদের সঙ্গে প্রতারণা করছেন।

ভুক্তভোগী খামারিরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন।

এ বিষয়ে উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. আলাউদ্দিন বাইরে ঔষধ ও ভ্যাকসিন বিক্রয়ের কথা অস্বীকার করে বলেন, “আমি কোনো ভ্যাকসিন বাইরে বিক্রয় করিনি। যদি কেউ বলে থাকে, সেটা মিথ্যা বলেছে। সরকারি বরাদ্দকৃত ভ্যাকসিন বিনামূল্যে খামারিদের দেওয়া হচ্ছে। টাকা নেওয়ার প্রশ্নই ওঠে না।”

সরকারি ভ্যাকসিন বাইরে বিক্রয়ের ব্যাপারে জানতে চাইলে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মোত্তালেব আলী বলেন, “চলতি বছর এই প্রথম লাম্পি স্কিন (এলএসডি) ভ্যাকসিন সরকারিভাবে বরাদ্দ পেয়েছি। ৫ হাজার ৪০০ ডোজের মধ্যে ৪ হাজার ৪৯৬ ডোজ গরুকে দেওয়া হয়েছে।

বাকি ভ্যাকসিন দেওয়ার কাজ চলমান রয়েছে। বিনামূল্যে গরু খামারিদের এই ডোজ দেওয়া হয়েছে।”

সরকারি ভ্যাকসিন বরাদ্দ পাওয়ার আগে জরুরি প্রয়োজনে কেউ কেউ ৩ হাজার টাকা বা তার বেশি দামে ভ্যাকসিন ক্রয় করে থাকতে পারেন, যা আমার জানা নেই। গাংনী পশু হাসপাতালে টাকা নেওয়ার কোনো সুযোগ নেই।

তিনি আরও বলেন, “প্রকল্পভুক্ত খামারির সংখ্যা ৮৪০ জন, এর মধ্যে রেজিস্টার্ড ভুক্ত খামারিদের অগ্রাধিকার দেওয়া হয়েছে। প্রকল্পভুক্ত খামারির বাইরেও এই সুবিধা দেওয়া হয়েছে। সরকারি ঔষধ বাইরে বিক্রয়ের কোনো সুযোগ নেই। যে সকল গরুকে দেওয়া হয়েছে, সেই সকল খামারির তালিকা আমাদের কাছে আছে। আপনারা খোঁজ নিয়ে দেখুন, যদি কোনো কর্মকর্তা ভ্যাকসিন বাইরে বিক্রি করে টাকা নেয়। আর যদি কেউ প্রমাণ দিতে পারে, তাহলে তার বিরুদ্ধে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হবে।”

সিপিবি’র জাতীয় সমাবেশ উপলক্ষে মেহেরপুরে কর্মীসভা

বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি)’র জাতীয় সমাবেশকে সামনে রেখে মেহেরপুরে কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার দিকে শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় এ কর্মীসভার আয়োজন করা হয়।

সিপিবি’র মেহেরপুর জেলা শাখার সভাপতি মোশারফ হোসেনের সভাপতিত্বে কর্মীসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সিপিবি’র কেন্দ্রীয় কমিটির সদস্য পরেশ কর। সভা পরিচালনা করেন, জেলা শাখার সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম কানন।

অনুষ্ঠানের শুরুতে সিপিবি’র সাবেক সভাপতি প্রয়াত কমরেড জালালউদ্দিনের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে তাঁর রাজনৈতিক জীবন ও অবদানের উপর আলোচনা করেন বক্তারা।

কর্মীসভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা শাখার সহ-সম্পাদক অ্যাডভোকেট মিজানুর রহমান, কমরেড রহমতুল্লাহ, কমরেড রফিকুল ইসলাম, কমরেড আব্দুল হাকিম, কমরেড পাভেল, কমরেড বিপ্লব ও কমরেড ঊষা প্রমুখ।

সভায় বক্তারা আগামী ১৪ নভেম্বর ঢাকায় অনুষ্ঠিতব্য জাতীয় সমাবেশ সফল করার লক্ষ্যে নেতাকর্মীদের আহ্বান জানান।

মেহেরপুরের নতুন দরবেশপুরে

ভোট কেন্দ্র স্থানান্তরিত

করার ষড়যন্ত্রের প্রতিবাদে

মানববন্ধন

মেহেরপুর সদরের নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রটি নতুন দরবেশপুর দাখিল মাদ্রাসাতে স্থানান্তরিত করার ষড়যন্ত্রের প্রতিবাদে গ্রামবাসীর আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেল সাড়ে ৫ টায় নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সন্মুখে গ্রামবাসীর আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনের আহ্বায়ক আসলাম আলীর নেতৃত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ৮ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি মজিবার রহমান, ইউপি সদস্য জাকির হোসেন লিটন, বিএনপি নেতা সিদ্দিক আজিজ বাবলু ও সাইদুর রহমান। অনুষ্ঠানে বক্তারা বলেন, নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক
বিদ্যালয় ভোট কেন্দ্রটি স্বাধীনতা পরবর্তী সময় থেকে
প্রতিষ্ঠিত। বাপ-দাদার আমল থেকে আমরা এই কেন্দ্রে ভোট দিয়ে আসছি। এই কেন্দ্রের আওতায় এই গ্রামের তিন পাড়ার ২ হাজার ৬শ ভোটার আছে। অথচ পুরাতন দরবেশপুর গ্রামের ৭শ ভোটার যারা ৭ নং ওয়ার্ড (পশ্চিম সিংহাটি ও পুরাতন দরবেশপুর) এর ভোটার, তারা সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট প্রদান করেন। ৭ নং ওয়ার্ডের কতিপয় লোক এই নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক

বিদ্যালয় কেন্দ্র পরিবর্তনের জন্য জেলা নির্বাচন কমিশন বরাবর আবেদন করেছে। যারা এই কেন্দ্রের ভোটার নয়। আমরা এর তীব্র নিন্দা জানাচ্ছি। সেই সাথে জেলা প্রশাসক ও জেলা নির্বাচন কমিশনারের কাছে আবেদন নতুন দরবেশপুর গ্রামের আপামর জনগণের দুর্ভোগের কথা বিবেচনা করে সঠিক সিদ্ধান্ত নিবেন। বক্তারা আরও বলেন, নতুন দরবেশপুর গ্রামের শান্তি প্রিয় মানুষকে যারা অশান্ত করার পাঁয়তারা করছে তারা সাবধান হয়ে যান।

এসময় উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রাশিদুল ইসলাম জাদু, ওয়ার্ড বিএনপি’র সহ-সভাপতি মোকাদ্দেস হোসেন, শরিফ মন্ডল, খন্দকার কিবরিয়া, শাহাদত হোসেন সহ আরও অনেকে।

মেহেরপুরে ভাউচার ব্যাতিত সার বিক্রির অপরাধে ৩০ হাজার টাকা জরিমানা

ভাউচার ব্যাতিত সার বিক্রির অপরাধে মেহেরপুর সদর উপজেলায় নতুন মদনাডাঙ্গা বাজার এলাকার মেসার্স মাসুদ আল নূর নামক একটি প্রতিষ্ঠানকে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ সোমবার দুপুরে এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতি. দা.) মোহাম্মদ মামুনুল হাসান।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সুত্রে জানা যায়, নিয়মিত অভিযানের অংশ হিসেবে আজ নতুন মদনাডাঙ্গা বাজার এলাকায় অভিযান চালানো হয়। অভিযানে নিত্য প্রয়োজনীয় পণ্য, জ্বালানী গ্যাস, সার ও কীটনাশক তদারকি করা হয়। এ সময় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ ধারা অনুসারে ভাউচার ব্যতিত ৪০ বস্তা সার বিক্রয়ের জন্য ব্যবসা প্রতিষ্ঠান মেসার্স মাসুদ আল নূরকে ৩০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সেই সাথে আরও কয়েকটি

প্রতিষ্ঠানকে ক্রয়-বিক্রয় ভাউচার প্রদান-সংরক্ষণ করা জন্য এবং মেয়াদ উত্তীর্ণ কীটনাশক ও বীজ/পণ্য ক্রয়-বিক্রয় করা হতে বিরত থাকার নির্দেশনা প্রদান করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলৌ জানান ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।